মেহেরপুরে তথ্যবিহীন শিশু খাদ্য বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের তাঁতীপাড়া এলাকায় অভিযান চালিয়ে তথ্যবিহীন শিশু খাদ্য বাজারজাত ও বিক্রির দায়ে হৃদয় ট্রেডার্সকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার (৯ নভেম্বর) সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয় এ অভিযান পরিচালনা করে।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযানে উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, উৎপাদনকারী প্রতিষ্ঠানের নামসহ প্রয়োজনীয় তথ্যবিহীন শিশু খাদ্য (চিপস, জুস, লজেন্স, হাওয়াই মিঠাই ও হালুয়া) বাজারজাত ও বিক্রির প্রমাণ পাওয়া যায়। এ অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৭ ধারায় হৃদয় ট্রেডার্সকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে আগামী সাত দিনের মধ্যে ত্রুটি সংশোধনের নির্দেশ দেওয়া হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন নিরাপদ খাদ্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মো. রিয়াজ মাহমুদ, কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম এবং জেলা পুলিশের একটি দল।